(৭৮)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
স্থানীয় সরকার শাখা
www.jamalpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৩৯০০.০১৪.১১.০০১.২২- ২৮৩ তারিখঃ-০৪/০৯/২০২২ খ্রি.।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখা এর ১০/০৮/২০২২ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-১৬৫ নং স্মারকে জারীকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে জামালপুর জেলায় ০৬ (ছয়) টি ইউনিয়ন পরিষদে 'ইউনিয়ন পরিষদ সচিবের' নিম্নোক্ত শূন্য পদে জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী জনবল নিয়োগের লক্ষ্যে জামালপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১।	ইউনিয়ন পরিষদ সচিব	গ্রেড-১৪ স্কেল-১০,২০০-২৪,৬৮০/- (জাতীয় বেতন স্কেল- ২০১৫)	০৬ (ছয়) টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনুন্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী।	বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়

০১।	আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুয়ায়ী নির্ধারিত চাকুরির আবেদন ফরমে স্ব-হস্তে পূরণপূর্বক জেলা প্রশাসক, জামালপুর বরাবর আবেদন করতে হবে। আবেদনের নমুনা www.mopa.gov.bd অথবা www.jamalpur.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও লিখিত পরীক্ষার প্রবেশপত্রের নমুনা কপি www.jamalpur.gov.bd এ ওয়েবসাইট হতে ডাউনলোড করে দুই কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নির্ধারিত আবেদনপত্র ফরমটি A^4 অফসেট কাগজে প্রিন্ট করতে হবে।
০২।	আবেদনপত্র আগামী ২০/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসক, জামালপুর বরাবর পৌছাতে হবে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৩।	পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জেলা প্রশাসক, জামালপুর এর অনুকূলে সোনালী ব্যাংক লি. এর যে কোন শাখা হতে ইস্যুকৃত পে-অর্ডার/ডিডি (অফেরযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
০৪।	প্রার্থীর বয়স ২০/১০/২০২২ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান বা সন্তানদের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
০৫।	আবেদনপত্রের সাথে পদবী ও নামের সীলসহ ১ম শ্রেণীর/নূন্যতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি (প্রার্থীর নাম সম্বলিত), সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র এবং ১ম শ্রেণীর/নূন্যতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।
০৬।	প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী চাকুরী প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করিতে হবে।

মুক্তিযোদ্ধাদের তথ্য

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম ও পিতার নাম	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, মৃত মুক্তযোদ্ধাদের ক্ষেত্রে মৃত্যু সনদ	মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদপত্র নম্বর ও তারিখ এবং স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নতি-নাতনী দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয় পত্র ও পিতা মাতার জাতীয় পরিচয় পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা মাতার নাগরিক সনদপত্র প্রমাণক	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

০৭।	খামের উপর পদের নাম ও কোটা (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে।
০৮।	প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না। বিবাহিত মহিলাদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
০৯।	নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং সরকার নির্ধারিত কোটা/বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
১০।	মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার মূল সনদপত্র আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে। শিক্ষাগত যোগ্যতা প্রমাণের ক্ষেত্রে মূল সনদপত্র/ সাময়িক সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র গ্রহণযোগ্য হবে না। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ/ডি. এ প্রদান করা হবে না।
১১।	কর্তৃপক্ষ প্রয়োজন বোধে যে কোন শর্ত সংযোজন/ পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।
১২।	চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার নির্বাচিত প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে।

চলমান পাতা-০২

৪/৯/২০২২

১৩।	কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৪।	প্রার্থী যে ঠিকানায় লিখিত ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র পেতে ইচ্ছুক সে ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাক টিকেটসহ ফেরত খাম (খামের সাইজ ৯ ইঞ্চি X ৪ ইঞ্চি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
১৫।	আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
১৬।	আবেদন ফরমে প্রার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

(শ্রাবন্তী রায়)
জেলা প্রশাসক
জামালপুর।
ফোন- ০৯৮১-৬৩১৮৮
ই-মেইল- dcjamalpur@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৩৯০০.০১৪.১১.০০১.২২- তারিখঃ- /০ /২০২২ খ্রি.।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য):

০৪। জেলা প্রশাসক.....................(জামালপুর ব্যতীত সকল জেলা)।
০৫। পুলিশ সুপার, জামালপুর।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জামালপুর।
০৮। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জামালপুর।
০৯। চেয়ারম্যান,.............................উপজেলা পরিষদ, জামালপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার.............................(সকল), জামালপুর (নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধসহ)।
১১। মেয়র.., জামালপুর।
১২। নেজারত ডেপুটি কালেক্টর, জামালপুর (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রদর্শনের অনুরোধ করা হলো)।
১৩। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর (বিজ্ঞপ্তিটি আবেদন ফরমসহ ওয়েবসাইটে আপলোড করার জন্য অরুরোধসহ)।
১৪। চেয়ারম্যান,.........................ইউনিয়ন পরিষদ, উপজেলা.....................(নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রদর্শনের অনুরোধসহ)।
১৫। সম্পাদক, "দৈনিক প্রথম আলো", ও " দৈনিক আজকের জামালপুর" (তাকেঁ নিয়োগ বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য দুই কলামে ১০X০৪ ইঞ্চি পরিসরে ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধসহ)।

জেলা প্রশাসক
জামালপুর।